

## “বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণ”

বাংলাদেশী কোন নাগরিক বৈধভাবে চাকরীর উদ্দেশ্যে বিদেশে অবস্থান করলে ঐ ব্যক্তির উপর নির্ভরশীল পরিবারের যে কোন সদস্য (পিতা, মাতা, স্বামী/ স্ত্রী, সন্তান, ভাই, বোন) অথবা বিদেশ হতে প্রত্যাগমন করলে সেক্ষেত্রে ঐ ব্যক্তি বা তার উপর নির্ভরশীল পরিবারের যে কোন সদস্য (পিতা, মাতা, স্বামী/ স্ত্রী, সন্তান, ভাই, বোন) কে ব্যাংক সহজ শর্তে জামানতবিহীন/ জামানতসহ বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণ হিসাবে প্রদান করা হবে।

### বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণ গ্রহণে যোগ্যতা ও প্রয়োজনীয় কাগজপত্রঃ

- প্রকল্প/ ব্যবসা প্রতিষ্ঠান এলাকায় অবস্থিত প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখায় ঋণের আবেদন করতে হবে;
- বিনামূল্যে সরবরাহকৃত ব্যাংকের নির্ধারিত আবেদন ফরমে আবেদন দাখিল;
- আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/ পাসপোর্ট/ প্রযোজ্য ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ, বর্তমান ঠিকানা এবং স্থায়ী ঠিকানা সম্বলিত পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
- গ্যারান্টরের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/ পাসপোর্ট/ প্রযোজ্য ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ, বর্তমান ঠিকানা এবং স্থায়ী ঠিকানা সম্বলিত পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
- প্রকল্পের হালনাগাদ ড্রেড লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- প্রকল্পের বিস্তারিত বিবরণসহ প্রকল্পের ঠিকানা ও ০১ এক বছরের আয়-ব্যয় বিবরণী;
- প্রকল্প স্থান ভাড়া হলে ভাড়া/ লীজের চুক্তিপত্রের ফটোকপি এবং Letter of Disclaimer নিতে হবে এবং নিজস্ব হইলে মালিকানার প্রমাণপত্র;
- প্রশিক্ষণ/ অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ব্যক্তিগত/ প্রকল্পের নামে কোন সংস্থা/ এনজিও/ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের ঘোষণাপত্র;
- ঋণ গ্রহীতার নিকট হতে নিজ নামীয় ০৩ (তিন)টি স্বাক্ষরিত চেকের পাতা ও সংশ্লিষ্ট ব্যাংকের হিসাব বিবরণী;
- জামানতি সম্পত্তির ফটোকপি।
- অভিবাসী/ দেশে প্রত্যাগত ব্যক্তির অনুরোধপত্র। প্রবাসী ব্যক্তি বিদেশে আছেন অথবা দেশে প্রত্যাগমন করেছেন তার প্রমাণপত্র।

### ঋণ সীমাঃ

প্রকল্প ঋণ ও চলতি পুঁজি/ নগদ ঋণ এর ক্ষেত্রে সর্বোচ্চ ঋণ সীমা ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা।

- জামানতবিহীন ঋণ সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকা;
- ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে হতে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে সহজামানত গ্রহণ করতে হবে;
- ঋণের পরিমাণ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্বে হলে ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা/ গ্যারান্টরের মালিকানাধীন স্থাবর সম্পত্তি রেজিস্ট্রি মর্টগেজমূলে ব্যাংকের অনুকূলে দায়বদ্ধ থাকবে।

### ঋণের মেয়াদঃ

মেয়াদ সর্বোচ্চ ১০ (দশ) বছর।

### সুদের হারঃ

পুরুষ ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে ৯% এবং মহিলা ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে ৭% সরল সুদ হারে।

### পরিশোধসূচীঃ

পরিশোধসূচী হবে ঋণের ধরণ অনুযায়ী কিস্তিতে পরিশোধযোগ্য।

বিঃ দ্রঃ এ ঋণের কোন সার্ভিস চার্জ নেই।